

ফাতিহা

পাঠের

নিয়ম

প্রকাশনায়: আজুমান্বে দ্বীনে হানিফ, সড়ক ৯/এ, বাড়ী ১০৯,
ধানমন্ডি আঃ এঃ, ঢাকা। ফোন : ৩১৪৩৪৫

মুদ্রণ: আব্দুল মান্নান তালুকদার, ইউনিক প্রিন্টার্স, ৬৩ গ্রীন
রোড, ঢাকা - ১২০৫। ফোন ৫০৯৩১২



১। ইসতিগ্ফার :

আসতাগ্ফিরুল্লাহল্ লাযী লা ইলাহা ইল্লা হুয়াল্ হাইয়ুল্ কাইয়ুম্ ওয়া আত্বু ইলাইহি।

যে ভাবে মানুষ আপন বাহ্যিক পরিচ্ছন্নতার প্রতি লক্ষ্য রাখে এবং নিজের পোশাক-পরিচ্ছদ ও দেহকে ময়লা-আর্বজনা ও দুর্গন্ধ থেকে পাক্ সাফ রাখে ঠিক সেভাবে বাতিনী বা আভ্যন্তরীন পরিচ্ছন্নতার জন্যও ইসতিগ্ফার (ক্ষমা প্রার্থনা)-এর প্রয়োজন আছে, যাতে আল্লাহর কুরব্ব ও নৈকট্যের স্বাদ পাওয়া যায়। অতএব প্রতিদিন রাতের বেলা শোয়ার সময় এক শত বার কিংবা কমপক্ষে একবার ইসতিগ্ফার করা চাই, যাতে আল্লাহর নৈকট্য লাভ করা যায়।

২। রাতদিনে একশত বার

সুবহানাল্লাহি ওয়াবি হাম্দিহী, সুবহানাল্লাহিল্ আযীম, ওয়াবি হাম্দিহী আসতাগ্ফিরুল্লাহ্।

রাসূলুল্লাহ্ (সাঃ) বলেছেন, যে ব্যক্তি কালিমা-ই-তাইয়িবাহ্ দিনে কিংবা রাতে একশত বার বলবে, দিনরাতের কোন আমলই

তার এই আমলের সমকক্ষ হবে না। প্রত্যেক প্রকারের আমল ও ইবাদাত, যার দ্বারা কোন না কোন ভাবে আল্লাহর শুকর আদায় করা হয়ে থাকে, এই কালিমার একটি মাত্র অংশ দ্বারা তা-ই আদায় হয়ে যায়। আর এর অপর অংশ, যার মধ্যে আল্লাহর পবিত্রতার বর্ণনা রয়েছে তার তো ফযীলতই আলাদা।

৩। দরুদ শরীফ :

আল্লাহমা সাল্লি আলা সাইয়িদিনা মুহাম্মদেঁও ওয়ালা আ-লী সাইয়িদিনা মুহাম্মদিন্ আফযালা সালাওয়াতিকা বি আদাদে মা'লুমাতিকা ওয়া বারিক ও সাল্লিম (যত বার ইচ্ছা)।

৪। আলা হযরত আমীরে মা'রিফাত (কুঃ সিঃ)- এর ফাতিহা সর্বদা পাঠ করলে আল্লাহ তাআলা আপন ফযল ও করমে যাবতীয় বিপদ-আপদ থেকে রক্ষা করবেন।

ফাতিহা পাঠ করার নিয়ম :

বিসমিল্লাহ শরীফ - একবার

সূরা ইখলাস (বিসমিল্লাহ শরীফ সহ) - তিনবার

ইয়্যাকা না'বুদু ওয়া ইয়্যাকা নাস্তায়ীন - তিনবার

মুনাজাতঃ

ইহার সওয়াব আলা হযরত আমীরে মারিফাত-এর পাক বারগাহে নযর করা হল এবং জামিউল মা'রিফত আলা হযরতের ওয়াসীলায় . . . (মনের বাসনা পূরণ এবং অশান্তি দূর করার জন্য আল্লাহ তাআলার কাছে দুআ করতে হবে)।

৫। ঈমান ও যাকীনের সাথে মুরশিদে আলা (রহঃ) -এর ফাতিহা পাঠ করলে আল্লাহ তাআলা আপন ফযল ও করমে যাবতীয় বিপদ-আপদ থেকে মুক্তি দেবেন এবং মনের বাসনা পূরণ করবেন।

ফাতিহা পাঠের নিয়মঃ

বিসমিল্লাহ শরীফ-এক বার

দরুদ শরীফ- এক বার

পাক আল্লাহ পাক ইয়া আমীর - তিন বার

ইয়া আমীর আল্লাহ আকবর - তিন বার

দরুদ শরীফ - এক বার

মুনাজাতঃ

পাক আল্লাহ্ পাক, ইহার সওয়াব আলা হযরত মুরশিদে আলার পাক বারগাহে নযর করা হল এবং আলা হযরত মুরশিদে আলার ওয়াসীলায় . . . (মনোবাঞ্ছা পূরণের জন্য আল্লাহ্ তাআলার কাছে দুআ করতে হবে)।

গায়েবানা বায়আত নবায়নের পদ্ধতি :

বিসমিল্লাহ্ শরীফ সহ সূরা ফাতিহা-একবার

বিসমিল্লাহ্ শরীফ সহ সূরা ইখলাস - তিনবার

ইহার সওয়াব নকশবন্দীয়া মুজাদ্দিদীয়া, সিলসিলায়ে আলীয়ার আরওয়াহে তাইয়্বিবাহুকে নযর করা হল।

অতঃপর যেন এই চিন্তা করে যে, আমি বায়আত হচ্ছি।

অতঃপর একবার পড়তে হবেঃ

আমানতু বিল্লাহি ওয়া মালাইকাতিহী ওয়া কুতুব্বিহী ওয়া রুসুলিহী ওয়া ল্ ইয়াওমিল্ আখিরী ওয়া ল্ কাদরী খাইরিহী ওয়া শাররিহী মিনাল্লাহি তাআলা ওয়া ল্ বা'ছি বা'দাল মাওত্।

অতঃপর তিন বার ইসতিগফার করবে।

অতঃপর তিনবার কালিমা-ই-শাহাদত পড়বে, যেন সে বায়আত হয়ে গেছে।

সমগ্র উম্মতে মুহাম্মদীর মাগফিরাতের জন্য অত্যন্ত জরুরী ও গুরুত্বপূর্ণ হেদায়াতঃ

বিসমিল্লাহ্ শরীফ - তিন বার

১। ইসতিগফার - পচিশ বার

২। বিসমিল্লাহ্ শরীফ সহ সূরা ফাতিহা - এক বার

৩। সূরা ইখলাস (সূরা কুল্ হয়াল্লাহ) - বিসমিল্লাহ্ শরীফ
সহ তিনবার

৪। ইয়াকা না'বুদু ওইয়াকা নাস্তায়ীন - এগারো বার

মুনাজাতঃ

ইহার সওয়াব আলা হযরত আমীরে মা'রিফাতের পাক
দরবারে নযর করা হল। আল্লাহ পাক, আপনি জামিউল মারিফাত
ও আমীরে মারিফাতের ওয়াসীলায়, আলা হযরতের সদকায়
মাযহাব-মিল্লাত নির্বিশেষে সমগ্র উম্মতে মুহাম্মদীকে ক্ষমা করে
দিন।

প্রচারেঃ

গোলামানে গোলামে রাসূলুল্লাহ (সাঃ) ফকীর আলী (রহঃ)
আস্তানা-ই-আলিয়া সিরাজিয়া, কুন্দিয়ান শরীফ,
জেলা মিয়ানওয়ালী, পাকিস্তান

এবং

বাড়ী নং ১০৯/এ, সড়ক নং ৯/এ (নতুন)
ধানমন্ডী আবাসিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোনঃ ৩১৪৩৪৫

অনুবাদঃ আবু তামান্না